



**COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY**  
B.A. Honours 4th Semester Examinations, 2023

**BENGALI**

রচনা শক্তির নৈপুণ্য : চলচ্চিত্র ও সাহিত্যের আন্তঃসম্পর্ক

**SEC-2**

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:

১×১০ = ১০

- (ক) আদি যুগে চলচ্চিত্রকে কী বলা হতো ?
- (খ) একটি কাহিনীমূলক ঐতিহাসিক চলচ্চিত্রের নাম লেখো।
- (গ) প্রথম বাংলা সবাক চলচ্চিত্র কোন্টি ?
- (ঘ) চিত্রভাষা কী ?
- (ঙ) শিল্পকলার উদ্দেশ্য কী ?
- (চ) কবিতা ও সিনেমার সাধারণ বৈশিষ্ট্য কী ?
- (ছ) নৃত্য থেকে উপাদান হিসাবে চলচ্চিত্র কী গ্রহণ করেছে ?
- (জ) টোনাল মনতাজ কী ?
- (ঝ) ক্লোজআপ শট বলতে কী বোঝো ?
- (ঞ) 'অরণ্যের দিনরাত্রি' চলচ্চিত্রের পরিচালক কে ?
- (ট) সত্যজিৎ রায়ের লেখা চলচ্চিত্র বিষয়ক একটি গ্রন্থের নাম লেখো।
- (ঠ) চিত্রনাট্যের প্রকাশ মাধ্যম কী ?
- (ড) চলচ্চিত্র মূলত কোন্ দুটি উপাদানকে আশ্রয় করে এগিয়ে যায় ?
- (ঢ) সাহিত্যে যা Mental Pictorialism, চলচ্চিত্রে তাকে কী বলা হয় ?
- (ণ) চলচ্চিত্র কী ধরনের শিল্পমাধ্যম ?

২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

৫×১ = ৫

- (ক) টীকা লেখো: চার্লি চ্যাপলিন
- (খ) নাটক ও চলচ্চিত্রের কী কী বিষয়ে পার্থক্য রয়েছে ?
- (গ) কবিতা ও চলচ্চিত্রের সম্পর্ক আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১০×১ = ১০

- (ক) চলচ্চিত্র ও ইতিহাস কীভাবে অঙ্গঙ্গীভাবে যুক্ত রয়েছে তা আলোচনা করো।
- (খ) চলচ্চিত্রকে যৌগিক শিল্পমাধ্যম বলা হয় কেন, আলোচনা করো।
- (গ) নাটক ও সিনেমার সম্পর্ক আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১৫×১ = ১৫

- (ক) চলচ্চিত্রে সম্পাদনার গুরুত্ব আলোচনা করো।
- (খ) সত্যজিৎ রায় পরিচালিত চারুলতা চলচ্চিত্রের বিশেষত্ব আলোচনা করো।
- (গ) সাহিত্য থেকে চিত্রনাট্যের মাধ্যমে চলচ্চিত্রে রূপান্তরের প্রক্রিয়ার নানা দিক আলোচনা করো।

—x—